তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# মতিয়াবিল স্কুলের অধিকাংশ শিক্ষার্থী নতুন বই পায়নি

**পবা (রাজশাহী) সংবাদদাতা**

বছরের প্রথম দিনেই সব শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়ার কথা থাকলেও রাজশাহীর পবা উপজেলার মতিয়াবিল মাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষার্থী এখনও নতুন বই পায়নি। শিক্ষার্থীরা নতুন বই নেয়ার জন্য আসলে নেয়া হচ্ছে সাড়ে ৩শ' টাকা। টাকা না দিলে বিভিন্ন অজুহাতে ফিরিয়ে দেয়া হচ্ছে তাদের।

এ ব্যাপারে বৃহস্পতিবার উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর ভুক্তভোগী অভিভাবকরা একটি অভিযোগ করেছেন। জানা যায়, উপজেলার প্রাথমিক, মাধ্যমিক, ভোকেশনাল, এবতেদায়ী ও দাখিল মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে পৃঃ ১ জানুয়ারি থেকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। কিন্তু পবার মতিয়াবিল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির যোগসাজশে, টাকা দিয়ে পাঠ্যপুস্তক নিতে বাধ্য করা হচ্ছে শিক্ষার্থীদের।

টাকা দিতে না পেরে অনেক কোমলমতি শিক্ষার্থী চোখ মুছতে মুছতে বাড়ি ফিরছে। এলাকাবাসী অনেক দেন-দরবার করেও প্রধান শিক্ষকের মন গলাতে পারেনি বলে জানা গেছে। এতে সরকারের মহতী উদ্যোগ ভেস্তে যাচ্ছে বলে অনেকে মন্তব্য করেছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা সেলিম হোসেন জানান, এ বিষয়ে অভিযোগ পেয়েছি। তদন্ত করার জন্য উপজেলা মাধ্যমিক কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়েছে। তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।